

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৪, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ৩০ শ্রাবণ ১৪১৫ বঙ্গাব্দ/১৪ আগস্ট ২০০৮ খ্রিস্টাব্দ

নং ৪১(মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৮ শ্রাবণ, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ১২ আগস্ট, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৮ সনের ৪১ নং অধ্যাদেশ

সরকারী অ্যাটর্নি সার্ভিস অধ্যাদেশ, ২০০৮ এর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে সরকারী অ্যাটর্নি সার্ভিস অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ১৯ নং অধ্যাদেশ) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

(৫৩৫৩)

মূল্য ৪ টাকা ২.০০

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ সরকারী অ্যাটর্নি সার্ভিস (সংশোধন) অধ্যাদেশ, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০৮ সনের ১৯ নং অধ্যাদেশ এর ধারা ৩০ এর সংশোধন।—সরকারী অ্যাটর্নি সার্ভিস অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ১৯ নং অধ্যাদেশ) এর ধারা ৩০ এর উপ-ধারা (৩) এর পর নিম্নরূপ নতুন উপ-ধারা (৪) সংযোজিত হইবে, যথা :—

“(৪) এই অধ্যাদেশ কার্যকর হওয়া সত্ত্বেও, সার্ভিস গঠিত না হওয়া পর্যন্ত কোন অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল, ডেপুটি অ্যাটর্নি-জেনারেল এবং সহকারী অ্যাটর্নি-জেনারেল অথবা গভর্নমেন্ট প্লিডার, অতিরিক্ত গভর্নমেন্ট প্লিডার, সহকারী গভর্নমেন্ট প্লিডার, লোকাল গভর্নমেন্ট প্লিডার, পাবলিক প্রসিকিউটর, স্পেশাল পাবলিক প্রসিকিউটর, অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর এবং সহকারী পাবলিক প্রসিকিউটর পদে নিয়োগের প্রয়োজন হইলে সরকার উপ-ধারা (১) এর অধীন রহিত আইন বা, ক্ষেত্রমত, বিদ্যমান ব্যবস্থার অধীন উক্ত পদ বা পদসমূহে এমনভাবে নিয়োগ প্রদান করিতে পারিবে যেন উক্ত আইন রহিত করা হয় নাই বা এই অধ্যাদেশ কার্যকর হয় নাই।”।

তারিখ : ২৮ শ্রাবণ ১৪১৫ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০০৮ খ্রিস্টাব্দ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।